



তারিখ : ২৮-০১-২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ সমাবেশ: প্রধান অতিথি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৪ঠা ফেব্রুয়ারি ২০১৮, রোববার সকাল ১০:০০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুই সহস্রাধিক কলেজ অধ্যক্ষদের নিয়ে শিক্ষা সমাবেশ অনুষ্ঠিত হতে যাচ্ছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিক-নির্দেশনামূলক বক্তব্য প্রদানসহ ১১টি নতুন স্থাপনা ও প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও শুভউদ্বোধন করবেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উক্ত অনুষ্ঠান সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও বিশেষ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গদের নিয়ে মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সভাপতিত্বে ভিসির সভাকক্ষে ২৮.০১.১৮ তারিখ ১১:০০ টায় একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত প্রস্তুতি পর্যালোচনা শেষে মাননীয় উপাচার্য শতভাগ নিখুঁতভাবে অনুষ্ঠান সম্পাদনে যথাযোগ্য দায়িত্ব পালনে সকলের প্রতি আহবান জানান। সভায় অন্যান্যদের মধ্যে প্রো-উপাচার্য প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, কোষাধ্যক্ষ প্রফেসর মোঃ নোমান উর রশীদ, ডিন প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন ও রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেনসহ প্রমুখ উপস্থিত ছিলেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়